

সংসদ অধিবেশন দেখার সুযোগ পাচ্ছেন শিক্ষার্থীরা

প্রকাশের তারিখ : ২১ এপ্রিল ২০২৬



ঢাকা মহানগরীর মাধ্যমিক, কারিগরি ও মাদরাসা পর্যায়ের মোট ১৫০ জন শিক্ষার্থী এখন থেকে সরাসরি সংসদ অধিবেশন দেখার সুযোগ পাবেন। তবে এই সুযোগ পেতে শিক্ষার্থীদের মানতে হবে ছয়টি শর্ত।

মঙ্গলবার (২১ এপ্রিল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই নির্দেশনার কথা জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী আনাম হক এহছানুল হক মিলনের বিশেষ আগ্রহ ও চাহিদার প্রেক্ষিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

বরাদ্দকৃত ১৫০টি আসনের মধ্যে মাউশি থেকে ১০০ জন, কারিগরি শিক্ষা অধিদপ্তর থেকে ২৫ জন এবং মাদরাসা শিক্ষা অধিদপ্তর থেকে ২৫ জন শিক্ষার্থী দর্শনার্থী গ্যালারিতে বসে অধিবেশন দেখার সুযোগ পাবেন।

শিক্ষার্থীদের জন্য সংসদ ভবনের শিশু গ্যালারিতে ৫০টি এবং শিউলী বা শিমুল গ্যালারিতে ১০০টি আসন বরাদ্দ দেওয়া হয়েছে। তবে সংসদ সচিবালয় কোনো কারণ দর্শানো ছাড়াই এই অনুমতি বাতিলের ক্ষমতা রাখে।

সংসদ অধিবেশন দেখার ৬ শর্ত:

১. প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে পরিদর্শনকারীর তালিকা যুক্ত করে কমপক্ষে ৭ কার্যদিবস আগে সংসদ সচিবালয় বরাবর আবেদন করতে হবে।

২. আবেদনে ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্যসহ শিক্ষার্থীদের আইডি কার্ড, জন্মনিবন্ধন বা জাতীয় পরিচয়পত্রের কপি থাকতে হবে।

৩. প্রবেশের সময় নিশ্চিত নিরাপত্তা তল্লাশির মধ্য দিয়ে যেতে হবে।

৪. ভবনের ভেতরে মোবাইল ফোন, ক্যামেরা, ইলেকট্রনিক গ্যাজেট, ব্যাগ, কোনো ধারালো বস্তু বা খাবার বহন করা যাবে না।

৫. মার্জিত ও শালীন পোশাক বা ইউনিফর্মের সঙ্গে স্টুডেন্ট আইডি কার্ড দৃশ্যমান অবস্থায় রাখতে হবে।

৬. সংসদ ভবনের ভেতর শোরগোল বা ঘোরাফেরা করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং দায়িত্বরত কর্মকর্তাদের নির্দেশ মেনে চলতে হবে।

প্রকাশনার ৭৫ বছর

সংবাদ

সম্পাদক ও প্রকাশক
আলতামাশ কবির
নির্বাহী সম্পাদক
শাহরিয়ার করিম
প্রধান, ডিজিটাল সংস্করণ
রাশেদ আহমেদ